


কাফির কি দীন শিক্ষার জন্য মসজিদে প্রবেশ করতে পারবে?

هل يجوز للكافر دخول المسجد لحضور محاضرة أو درس فيه تعليم
ودعوة إلى الإسلام؟

<বাঙালি - Bengal - بنغالي>



শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন

الشيخ محمد بن صالح العثيمين



অনুবাদক: জাকেরউল্লাহ আবুল খায়ের

সম্পাদক: ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

ترجمة: ذاكر الله أبو الخير

مراجعة: د/ أبو بكر محمد زكريا

কাফির কি দীন শিক্ষার জন্য মসজিদে প্রবেশ করতে পারবে?

প্রশ্ন: কোনো আলোচনা কিংবা তা'লীম শোনার উদ্দেশ্যে কাফিরের জন্য মসজিদে প্রবেশ করা জায়েয আছে কিনা?

উত্তর: আল-হামদুলিল্লাহ

উত্তর: হ্যাঁ, এটি জায়েয আছে। তবে শর্ত হলো, কাফিরটি দ্বারা মসজিদ নাপাক হওয়ার কোনো সম্ভাবনা না থাকা। কারণ, কাফিরটির মসজিদে প্রবেশ করা তার ভালোর জন্য, তাতে মসজিদের কোনো ক্ষতি নেই। যেমনিভাবে মসজিদের কোনো কিছু ঠিক করার উদ্দেশ্যে কাফির মসজিদে প্রবেশ করতে পারবে, অনুরূপভাবে কোনো তা'লীম, দারস বা আলোচনা শোনার উদ্দেশ্যেও একজন কাফির মসজিদে প্রবেশ করতে পারবে। কারণ, এটি তার হিদায়াতের কারণে হতে পারে। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক সুমামা ইবনুল আসাল রাদিয়াল্লাহু 'আনহুকে মসজিদের খুঁটির সাথে বেঁধে রাখা দ্বারা প্রমাণিত হয় যে, কাফিরের জন্য মসজিদে প্রবেশ করা বৈধ।

(শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমিন)

الإجابات على أسئلة الجاليات" (22،21/1).

